**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 02-03-2026** **Desk in Charge : Kalyan Laha**
**Time : 7-35 A.M.** **Compiling : Sudip B.**
**DEO: KB** **NRT : Sudip B.**
**Announcement :-** আকাশবাণী /খবর পড়ছিঃ-

<u>বিশেষ বিশেষ খবর –</u>

১) রাজ্যে আসন্ন বিধানসভা নির্বাচনের প্রস্তুতি পর্যালোচনা করতে বিভিন্ন জেলার নির্বাচনী আধিকারিক এবং পুলিশ প্রশাসনের কর্তাব্যক্তিদের সঙ্গে আজ বৈঠক করবেন নির্বাচন কমিশনের প্রতিনিধিরা।

২/ আসন্ন বিধানসভা নির্বাচনে আইনশৃঙ্খলা রক্ষা এবং ভোটারদের মনে আস্থা জোগাতে রাজ্যের বিভিন্ন জেলায় মোতায়েন হচ্ছে কেন্দ্রীয় বাহিনী। কয়েক জায়গায় চলেছে টহলদারি।

৩) রাজ্যে শুরু হয়েছে বিজেপি-র পরিবর্তন যাত্রা। # কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ দক্ষিণ ২৪ পরগণার রায়দীঘিতে 'পরিবর্তন যাত্রা'র সভায় বক্তব্য রাখবেন।

৪/ শহর ও শহরতলীর মধ্যে যোগাযোগ ব্যবস্থার আধুনিকীকরণের লক্ষ্যে তৈরী চার লেনের কল্যাণী এক্সপ্রেসওয়ের আজ উদ্বোধন ।

৫/ কোচবিহারের দিনহাটায় বিদ্যুৎপৃষ্ট হয়ে পাঁচ শ্রমিকের মৃত্যু।

৬/ ইডেনে গতকাল ওয়েস্ট ইন্ডিজকে পাঁচ উইকেটে হারিয়ে ভারত, T-20 বিশ্বকাপ ক্রিকেটের সেমিফাইনালে পৌঁছেছে।

****************************************************************************

রাজ্যে আসন্ন বিধানসভা নির্বাচনের প্রস্তুতি পর্যালোচনা করতে নির্বাচন কমিশনের এক প্রতিনিধিদল আজ বৈঠকে বসছে। সিনিয়র ডেপুটি ইলেকশন কমিশনার, ডেপুটি ইলেকশন কমিশনার সহ কমিশনের অন্যান্য আধিকারিকরা ভিডিও কনফারেন্সের মাধ্যমে পর্যায়ক্রমে এরাজ্যের পুলিশ, প্রশাসন, রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক, রাজ্য পুলিশের নোডাল অফিসার (SPNO) কেন্দ্রীয় বাহিনীর নোডাল অফিসার, এবং বিভিন্ন এনফোর্সমেন্ট এজেন্সির নোডাল অফিসারদের সঙ্গে বৈঠক করবেন। আজ সকাল ১১টা থেকে দুপুর দেড়টা পর্যন্ত এবং দুপুর দুটো থেকে বিকেল ৫'টা পর্যন্ত দুই দফায় রাজ্যের বিভিন্ন পুলিশ কমিশনার, রাজ্য পুলিশের আইজি, DIG, জেলা নির্বাচনী আধিকারিক (DEO) এবং জেলা পুলিশ সুপারদের সঙ্গে কমিশনের ওই প্রতিনিধিরা বৈঠক করবেন। এরপর বিকেল ৫'টায় কমিশনের প্রতিনিধি দলটি এরাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক, রাজ্য পুলিশ ও কেন্দ্রীয় বাহিনীর নোডাল অফিসারদের সঙ্গে বৈঠক করবেন। শেষে সন্ধ্যা ছটায় এনফোর্সমেন্ট এজেন্সির নোডাল অফিসারদের সঙ্গে বৈঠক হবে বলে কমিশন সূত্রের খবর।

***********************

আসন্ন বিধানসভা নির্বাচনে আইনশৃঙ্খলা রক্ষা এবং ভোটারদের মনে আস্থা জোগাতে রাজ্যের বিভিন্ন জেলায় মোতায়েন হচ্ছে কেন্দ্রীয় বাহিনী আসতে শুরু করেছে। কয়েক জায়গায় চলেছে টহলদারি। জলপাইগুড়িতে পৌঁছেছে সাত কোম্পানি কেন্দ্রীয় বাহিনী। শিলিগুড়িতে বিহার থেকে এক কোম্পানি কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা হয়েছে।

নির্বাচন কমিশনের নির্দেশ মেনে ভোট প্রক্রিয়া যাতে শান্তিপূর্ণ ও অবাধভাবে সম্পন্ন হয়, তা নিশ্চিত করতেই আগাম এই পদক্ষেপ বলে প্রশাসনের তরফে জানানো হয়েছে। মুর্শিদাবাদ জেলায় আগেই ১৬ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী মোতায়েন রয়েছে,

আরো ১১ কোম্পানী সংরক্ষিত রাখা হয়েছে জেলার সামশেরগঞ্জ, সুতি জঙ্গীপুর এলাকার জন্য।

এদিকে, উত্তর ২৪ পরগনার ভাটপাড়া এবং জগদ্দল বিধানসভা এলাকায় এসেছে এক কোম্পানি কেন্দ্রীয় বাহিনী। আপাতত কেন্দ্রীয় বাহিনী রাখা হয়েছে ভাটপাড়া উচ্চ বিদ্যালয়ে।

বিহারের জামুই থেকে এক কোম্পানি কেন্দ্রীয় বাহিনী বর্ধমান শহরের গোদা এলাকায় এসে পৌঁছায়। ফুলের স্তবক দিয়ে বাহিনীকে জেলা পুলিশের পক্ষ থেকে স্বাগত জানানো হয়। সি আর পি এফের ২১৫ নম্বর ব্যাটেলিয়নের এই বাহিনীর জওয়ানরা আজ থেকে এলাকায় রুট মার্চ করবে বলে জানা গেছে।

***********************

নির্দিষ্ট লক্ষ্যকে সামনে রেখেই রাজ্যে বৈধ ভোটারদের নাম বাদ দেওয়ার পরিকল্পনা করা হয়েছে বলে তৃণমূল কংগ্রেসের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক ব্যানার্জীর অভিযোগ। গতকাল এক সাংবাদিক সম্মেলনে তিনি বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী-সহ বিজেপি নেতাদের বক্তব্যের ভিডিও দেখিয়ে দাবি করেন, এক কোটি ২৫ লক্ষ নাম বাদ যাওয়ার দাবি তারা আগেই করেছিলেন। সেই লক্ষ্য পূরণে নির্বাচন কমিশন কাজ করছে।

অভিষেক আরও বলেন, অ্যাডজুডিকেশন তালিকায় বৈধ ভোটারের নাম রেখে ভোট হলে সেই আসনের ফলাফলও অমীমাংসিত থাকা উচিত। আগামী ৬ তারিখ মেট্রো চ্যানেলে অবস্থান কর্মসূচি করবেন দলনেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। তারপর তিনিই পরবর্তী কর্মসূচী ঘোষণা করবেন।

***********************

বৈধ ভোটারের নাম বাদ পড়ার অভিযোগে প্রদেশ কংগ্রেস আজ কলকাতায় পথে নেমে বিক্ষোভ দেখাবে। দলের সভাপতি শুভঙ্কর সরকার বলেন, মৃত অবাঞ্ছিত ভোটারের নাম বাদ গেছে। তবে অনেক বৈধ ভোটারের নামও তালিকায় নেই বলে তাঁর অভিযোগ। কমিশনের ব্যর্থতার জন্যই এই পরিস্থিতি তৈরি হয়েছে। বৈধ ভোটারের নাম তালিকায় কেন থাকবে না এর কৈফিয়ৎ নির্বাচন কমিশনকে দিতে হবে বলে শুভঙ্করবার জানিয়েছেন।

*************************

আসন্ন বিধানসভা নির্বাচনকে সামনে রেখে গতকাল রাজ্যে শুরু হয়েছে বিজেপি-র পরিবর্তন যাত্রা। দলের এই কর্মসূচীতে যোগ দিতে আজ রাজ্যে আসছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী তথা অন্যতম শীর্ষ বিজেপি নেতা অমিত শাহ। দুপুরে দেড়টা নাগাদ কলকাতা বিমান বন্দরে নামার পর দক্ষিণ ২৪ পরগণার রায়দীঘিতে ‘পরিবর্তন যাত্রা’র সভায় বক্তব্য রাখবেন তিনি। আজই তাঁর দিল্লি ফিরে যাওয়ার কথা।

আজ মোট পাঁচটি জায়গাতে হবে বিজেপি-র পরিবর্তন যাত্রা।

হাওড়ার আমতা বিধানসভার জয়পুর আমড়াগড়ি অ্যাথলেটিক ক্লাবের মাঠে পরিবর্তন যাত্রায় অংশ নেবেন বরিষ্ঠ বিজেপি নেতা তথা প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং। উপস্থিত থাকবেন রাজ্য বিজেপি সভাপতি শমীক ভট্টাচার্য।

উত্তর ২৪ পরগণার সন্দেশখালি বয়ারমারি ক্লাবের মাঠে দলীয় কর্মসূচীতে যোগ দেবেন কেন্দ্রীয় কৃষি মন্ত্রী শিবরাজ সিং চৌহান। সেখানে উপস্থিত থাকবেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী, কেন্দ্রীয় প্রতিমন্ত্রী শান্তনু ঠাকুর, লকেট চ্যাটার্জি প্রমুখ।

বর্ধমানের হাসন বিধানসভার তারাপুরে পরিবর্তন যাত্রায় যোগ দেবেন মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী দেবেন্দ্র ফড়নবীশ এবং মিঠুন চক্রবর্তী।

মালদার ইসলামপুরে এই কর্মসূচীতে অংশ নেবেন বিজেপির সর্বভারতীয় সভাপতি নীতিন নবীন এবং প্রাক্তন রাজ্য সভাপতি দিলীপ ঘোষ।

কলকাতার ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে আগামী ১৫’ই মার্চ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সমাবেশের মধ্যে দিয়ে পরিবর্তন যাত্রা কর্মসূচীর সমাপ্তি হবে।

**********************

তৃণমূল কংগ্রেসের শাসনে রাজ্যের মহিলারা সুরক্ষিত নন বলে বিজেপি-র সর্বভারতীয় সভাপতি নীতিন নবীন অভিযোগ করেছেন। গতকাল দলের পরিবর্তন সভায় যোগ দিয়ে তিনি বলেন, মুখ্যমন্ত্রী রাজ্যের মানুষকে গুরুত্ব দেওয়ার পরিবর্তে অনুপ্রবেশকারীদের আড়াল করতে ব্যস্ত।

( বাইট – নীতিন নবীন )

মেদিনীপুরের গড়বেতায় পরিবর্তন যাত্রায় অংশ নিয়ে কেন্দ্রীয় মন্ত্রী ধর্মেন্দ্র প্রধান বলেন, রাজ্যের সর্বস্তরের মানুষ পরিবর্তন চাইছেন।

(বাইট – ধর্মেন্দ্র প্রধান )

**********************

শহর ও শহরতলীর মধ্যে যোগাযোগ ব্যবস্থার আধুনিকীকরণের লক্ষ্যে তৈরী চার লেনের কল্যাণী এক্সপ্রেসওয়ের নির্মাণ কাজ শেষ হয়েছে।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ ভার্চুয়াল মাধ্যমে ৪৪ দশমিক দুই কিলোমিটার দীর্ঘ এই এক্সপ্রেসওয়ের উদ্বোধন করবেন। এর জন্য ব্যয় হয়েছে প্রায় আড়াই হাজার কোটি টাকা। বেলঘরিয়া-কল্যাণী এক্সপ্রেসওয়ের সংযোগস্থল থেকে বেলঘরিয়া জংশন হয়ে বড় জাগুলিয়া পর্যন্ত বিস্তৃত এই রাস্তায় যাতায়েতের সময় লাগবে মাত্র চল্লিশ মিনিট।

**********************

কোচবিহারের দিনহাটায় বিদ্যুৎপৃষ্ট হয়ে গতকাল পাঁচ শ্রমিকের মৃত্যু হয়েছে। দিনহাটার বলরামপুর রোড এলাকায় একটি বেসরকারি কারখানা নির্মাণের কাজ চলার সময় এই দুর্ঘটনা ঘটে। ১০-১২ জন শ্রমিক ঢালাই মেশিন, কারখানার দিকে ঠেলে নিয়ে

যাওয়ার সময় হাইটেনশন বিদ্যুৎ লাইনের সংযোগ ঘটলে, ঘটনাস্থলেই মৃত্যু হয় চার শ্রমিকের। পরে হাসপাতালে একজনের মৃত্যু হয়। আশঙ্কাজনক অবস্থায় আরো কয়েকজন চিকিৎসাধীন।

***********************

দেওয়াল লিখন নিয়ে তৃণমূল কংগ্রেস ও বিজেপির সংঘর্ষকে কেন্দ্র করে গতকাল দক্ষিণ কলকাতার নেতাজীনগর এলাকা উত্তপ্ত হয়ে ওঠে। জানা গেছে, নেতাজীনগরের ৯৮ নম্বর ওয়ার্ডে থানার পেছনের একটি দেওয়াল লেখাকে কেন্দ্র করে উত্তেজনা ছড়ায়। দু'পক্ষই একে অপরের বিরুদ্ধে দেওয়াল দখলের অভিযোগ তোলে। বচসা একসময় হাতাহাতিতে গড়ায়। একে অপরকে লক্ষ্য করে ছোঁড়া হয় ইট পাটকেল। পরিস্থিতি সামাল দিতে হিমসিম খেতে হয় পুলিশকে। বেশ কয়েকজন বিজেপি সমর্থক এবং নেতাজীনগর থানার পুলিশ কর্মী আহত হয়েছেন বলে খবর।

***********************

মার্চ মাসের শুরুতেই সর্বনিম্ন তাপমাত্রা এক লাফে আজ অনেকটা বেড়েছে। আলিপুরে আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ২৫ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের চেয়ে যা চার ডিগ্রি বেশি। উত্তরবঙ্গের জলপাইগুড়ি আলিপুরদুয়ার ও কালিম্পং জেলা এবং দক্ষিণবঙ্গের ঝাড়গ্রাম জেলায় আজ বিক্ষিপ্তভাবে হালকা বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

**********************************************************************